গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

নথি নং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৫.১৯-১২৬৬৪/১১ তারিখ: ১৬/০৭/২০২৩ খ্রি.

বিষয়: জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভার সংশোধিত কার্যবিবরণী।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩.৪৭১; তারিখ: ২২ জুন ২০২৩ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.১৬৯; তারিখ: ১০ জুলাই ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত আন্ত:মন্তণালয় কমিটির সভার কার্যবিবরণীটি এ সঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুয়ায়ী জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটির সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

16.7.2023

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯
dir-admin@dshe.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
৪) অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
৫) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৬) জেলা শিক্ষা অফিসার (সকল);
৭) প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১১) সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.১৬৯

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

বিষয়: **বিষয়: জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভার সংশোধিত কার্যবিবরণী।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩.৪৭১; তারিখ: ২২ জুন ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত কার্যবিবরণীটি প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

১০-৭-২০২৩
মোঃ গোলাম জাকারিয়া
উপসচিব
ফোন: ২৫৫১০১০৮৫
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.১৬৯/১

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১০-৭-২০২৩
মোঃ গোলাম জাকারিয়া
উপসচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
ডায়রী নং- তারিখঃ
যুগ্মসচিব প্রশাসন
উপসচিব/সিসস/সিসিএ প্রশাসন ও সংস্থাপন/বাজেট/প্রশিক্ষণ সেবা/সংসদ/সমন্বয়/আইসিটি শাখা
অতিঃ সচিব (প্রশাঃ ও অঃ)

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা

জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সভার সংশোধিত কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহমুদুল হোসাইন খান<br>সচিব, সমন্বয় ও সংস্কার |
| সভার তারিখ | ২০ জুন ২০২৩ |
| সভার সময় | বেলা ১২.০০ টা |
| স্থান | সচিব, সমন্বয় ও সংস্কার-এর দপ্তর (কক্ষ নম্বর-১১৯, দ্বিতীয় তলা, ভবন নম্বর-১), মন্ত্রিপরিষদ বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট - 'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভাপতি জানান স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা কোমলমতি ছাত্র-ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়েএক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতায় অংশগ্রহণের মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ব্যক্তি ও শিক্ষা জীবন, রাজনৈতিক জীবন, স্বাধীনতা সংগ্রামে তাঁর আত্মত্যাগ, সোনার বাংলা বিনির্মাণে তাঁর চেতনা ও দর্শন, আন্তর্জাতিক ক্ষেত্রে তাঁর ভাবমূর্তি এবং শোকাবহ ১৫ আগস্ট সম্পর্কে ধারনা লাভ করতে পারবে।জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় কমিটি'র সদস্য-সচিব জনাব মোহাম্মদ খোরশেদ আলম খান সভার কার্যপত্র উপস্থাপন করেন।

০২। উপজেলা, মেট্রোপলিটন, জেলা এবং বিভাগীয় পর্যায়ে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে ( ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদুর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের উক্ত প্রতিযোগিতা আয়োজনের জন্য বাছাই কমিটি গঠন এবং কমিটির কর্মপরিধি নির্ধারণের বিষয়েও আলোচনা হয়। সভাপতি সভায় উপজেলা এবং মেট্রোপলিটন হতে জাতীয় পর্যায় পর্যন্ত ভিডিও তৈরির প্রতিযোগিতাটি ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে সমাপ্ত করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ভিডিও তৈরির প্রতিযোগিতাটি যথাযথ এবং সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্টদের নিয়ে উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের বাছাই কমিটি গঠনের ওপর গুরুত্বারোপ করেন। সভায় আরও আলোচনা হয় যে, 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয়ভার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৫ আগস্ট ২০২৩ জাতীয়

শোক দিবস পালনের লক্ষ্যে বরাদ্দকৃত বাজেট হতে বহন করা হবে। বিস্তারিত আলোচনান্তে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

৩.১। উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায় খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করতে হবে।

৩.২। নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ভিডিওটি নির্মাণ করতে হবে:

ক) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;

খ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;

গ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;

ঘ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;

ঙ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;

চ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;

ছ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;

জ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;

ঝ) ভিডিওটি মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;

ঞ) ভিডিও-র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং

ঠ) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

৩.৩। **উপজেলা পর্যায়ের বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৩. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | অফিসার ইন-চার্জ | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৬. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৮. | সহকারী প্রোগ্রামার (কোন উপজেলায় সহকারী প্রোগ্রামার না থাকলে কমিটি'র সদস্যদের মধ্য হতে কমিটির সভাপতি যে-কোন একজনকে সদস্য-সচিব-এর দায়িত্ব প্রদান করতে পারবেন) | সদস্য-সচিব |

উপজেলা পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:

ক) উপজেলা পর্যায়ের স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা-প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
খ) সর্বোচ্চ-সংখ্যক অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিষয়টি সংশ্লিষ্টদের নিকট ব্যাপক প্রচার করতে হবে;
গ) উপজেলাবাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা পর্যায়ে প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান বাছাইক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যেজেলা বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;
ঘ) প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত ব্যাপক প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি (সংযুক্ত নমুনা মোতাবেক) আগামী ০৬.০৭.২০২৩ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে এবং
ঙ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৪। মেট্রোপলিটন পর্যায়ের বাছাই কমিটি: (প্রযোজ্য ক্ষেত্রে)

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সভাপতি |
| ২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৩. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

মেট্রোপলিটান পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি: (প্রযোজ্য ক্ষেত্রে)

ক) মেট্রোপলিটন এলাকার স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা-প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
খ) সর্বোচ্চ-সংখ্যক অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিষয়টি সংশ্লিষ্টদের নিকট ব্যাপক প্রচার করতে হবে;
গ) মেট্রোপলিটন বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মেট্রোপলিটন পর্যায়ে প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান বাছাইক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে

প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ২০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে জেলা বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

ঘ) প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত ব্যাপক প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি (সংযুক্ত নমুনা মোতাবেক) আগামী ০৬.০৭.২০২৩ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে; এবং

ঙ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৫। <u>জেলা পর্যায়ের বাছাই কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৫. | সিনিয়র তথ্য অফিসার | সদস্য |
| ৬. | প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর | সচিব |
| ৭. | জেলা কালচারাল অফিসার | সদস্য |
| ৮. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৯. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ১০. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ১১. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক | সদস্য-সচিব |

<u>জেলা পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:</u>

ক) উপজেলা/মেট্রোপলিটন পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে জেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে;

খ) জেলা পর্যায়েরবাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জেলা পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান বাছাইক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ২৪ জুলাই ২০২৩ তারিখের মধ্যেবিভাগীয় বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৬। <u>বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | উপ-পুলিশ মহাপরিদর্শক (ডিআইজি)/মেট্রোপলিটন পুলিশ কমিশনার | সদস্য |
| ৩. | পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিষয়ে একজন বিশেষজ্ঞ | সদস্য |
| ৮. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | সদস্য-সচিব |

<u>বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:</u>

ক) জেলা পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে;

খ) বিভাগীয় বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিভাগীয় পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান বাছাইক্রমে আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদান করতে হবে এবং প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে ২৮ জুলাই ২০২৩ তারিখের মধ্যেজাতীয় পর্যায়ের বাছাই কমিটি'র নিকট প্রেরণ করতে হবে;

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৭। <u>জাতীয় পর্যায়ের বাছাই কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১. | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)<br>এসপায়ার টু ইনোভেট (এটু্আই) প্রোগ্রাম | সভাপতি |
| ২. | অজয় দাশ গুপ্ত<br>বীরমুক্তিযোদ্ধা, লেখক ও একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক | সদস্য |
| ৩. | নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু<br>বীরমুক্তিযোদ্ধা ও চলচ্চিত্র নির্মাতা | সদস্য |
| ৪. | অমিতাভ রেজা চৌধুরী<br>নির্মাতাও চলচ্চিত্র পরিচালক | সদস্য |
| ৫. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৬. | বাংলাদেশ টেলিভিশন-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৭. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর-এর একজন প্রতিনিধি | সদস্য |
| ৮. | মো. আব্দুল্লাহ আল যুবায়ের<br>এইচডিমিডিয়া এক্সপার্ট, এটুআই | সদস্য |
| ৯. | পূরবী মতিন<br>হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়া ম্যানেজার, এটুআই | সদস্য |
| ১০. | মোঃ মামুন, উপসচিব<br>জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য-সচিব |

<u>জাতীয় পর্যায়ের বাছাই কমিটির কার্যপরিধি:</u>

ক) বিভাগীয় পর্যায়ের বাছাই কমিটি থেকে প্রাপ্ত ভিডিওক্লিপসমূহ নিয়ে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে;

খ) জাতীয় পর্যায়েরবাছাই কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় পর্যায়ের প্রতিটি গ্রুপ থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান বাছাইক্রমে প্রতিটি গ্রুপ থেকে প্রথম স্থান অর্জনকারীদের নামের তালিকা এবং ভিডিওসমূহ

মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে মূল কমিটি বরাবর প্রেরণ করতে হবে।

গ) কমিটি প্রয়োজনে যে-কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

৩.৮। উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা নিম্নে বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে:

| ক্রমিক | প্রতিযোগিতার পর্যায় | সর্বোচ্চ সময়সীমা |
|---|---|---|
| ১. | উপজেলা/মেট্রোপলিটান পর্যায় | ২০ জুলাই ২০২৩ তারিখ |
| ২. | জেলা পর্যায় | ২২-২৪ জুলাই ২০২৩ তারিখ |
| ৩. | বিভাগীয় পর্যায় | ২৬-২৮ জুলাই ২০২৩ তারিখ |
| ৪. | জাতীয় পর্যায় | ২৯-৩১ জুলাই ২০২৩ তারিখ |

৩.৯। উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয়ভার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে বরাদ্দকৃত বাজেট হতে বহন করতে হবে।

৩.১০। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রতিযোগিতার বিষয়বস্তু এবং সময়সূচি সরকারি এবং বেসরকারি প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: বিজ্ঞপ্তি

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩.৪৭১

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
৩) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৬) বিভাগীয় কমিশনার (সকল)
৭) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৮) অতিরিক্ত সচিব (রুটিন দায়িত্ব), জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৯) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

১০) যুগ্মসচিব, কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১১) যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১২) যুগ্মসচিব (সংযুক্ত), পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৩) জেলা প্রশাসক (সকল)

১৪) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৫) উপসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

১৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

মোহাম্মদ খোরশেদ আলম খান
উপসচিব

জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভা।

তারিখ: ২০ জুন ২০২৩

স্থান: (ভবন নম্বর-১, কক্ষ নম্বর-১১৯, দ্বিতীয় তলা) মন্ত্রিপরিষদ বিভাগ

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | সৈয়দ সালমা জাফরীন<br>অতিরিক্ত সচিব (স ও বি)<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০১৭৪৫৭০৬৫৫৯ | [signature] |
| ২ | মো: সিরাজুল হক খান<br>উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | 01732647372 | [signature] |
| ৩ | ড. মো: আশরাফুজ্জামান<br>যুগ্মসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০১৭১৯১৬৬৫৫৯ | [signature] |
| ৪ | মোঃ মজিবুর রহমান<br>অতি: সচিব<br>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | 01711274242 | [signature] |
| ৫ | | | |
| ৬ | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর<br>প্রকল্প পরিচালক (অতি: সচিব)<br>এটুআই | 01715616649 | [signature] |
| ৭ | মো: মতিয়ার রহমান<br>যুগ্মসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০১৭০২.১১২২২২ | [signature] ২০/৬ |
| ৮ | মোহাম্মদ কামরুল হাসান<br>যুগ্মসচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০১৭১২২৫১৬৫৬ | [signature] ২০/০৬/২৩ |
| ৯ | ড. মুহম্মদ মেহেদী হাসান<br>যুগ্ম সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০১৫৫২৪৭৬৪৬৭ | [signature] ২০/৬/২৩ |

জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটি'র সভা।

তারিখ: ২০ জুন ২০২৩

স্থান: (ভবন নম্বর-১, কক্ষ নম্বর-১১৯, দ্বিতীয় তলা) মন্ত্রিপরিষদ বিভাগ

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | মো: মাহমুদুর রশিদ [illegible]<br>উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | 01711-572030 | [signature] |
| ১১. | মো. [illegible]<br>[illegible] | 01720 939512 | [signature] |
| ১২. | মো: [illegible] ইসলাম<br>উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | 01712209703 | [signature] |
| ১৩ | মো. হামিদুল হক<br>যুগ্মসচিব, [illegible] বিভাগ | 01716008190 | [signature] |
| ১৪ | [illegible] রহমান [illegible]<br>অতি: সচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | [illegible] | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উপজেলা: ................, জেলা: ................

বিজ্ঞপ্তি নম্বর: ....................................................

তারিখ: ... আষাঢ় ১৪৩০ / ... জুন ২০২৩

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে **"আমার চোখে বঙ্গবন্ধু"** বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

## প্রতিযোগিতার নিয়মাবলী

ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;

খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;

গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;

ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;

ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;

চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;

ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;

জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;

ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;

ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং

ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর: ........................, ই-মেইল:..............................

অনুরোধক্রমে,

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা: ..............., জেলা:...............